গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা সমাজসেবা কার্যালয়
লাকসাম, কুমিল্লা।

স্মারক নং-৪১.০১.১৯৭২.০০০.০২.০৩৫.২০- ৩২৫(ক) তারিখ- ২৫ অক্টোবর'২০২১খ্রিঃ

নোটিশ

এতদ্বারা লাকসাম উপজেলার সমাজ কল্যাণ ও সমাজসেবা বিষয়ক স্থায়ী কমিটির সকল সদস্যদের সদয় অবগতির জন্য জানানো যাচ্ছে যে, আগামী ২৮ অক্টোবর'২০২১ খ্রিঃ সকাল ১১:৩০ ঘটিকার সময় লাকসাম উপজেলার সমাজ কল্যাণ ও সমাজসেবা বিষয়ক স্থায়ী কমিটির এক সভা উপজেলা পরিষদ মিলনায়তন, লাকসাম, কুমিল্লা অনুষ্ঠিত হবে। উক্ত সভায় যথা সময়ে ও তারিখে আপনাকে উপস্থিত থাকার জন্য অনুরোধ করা হলো।

২৫/১০/২১

(উপন্যাস চন্দ্র দাস)
উপজেলা সমাজসেবা অফিসার
ও
সদস্য সচিব
উপজেলার সমাজ কল্যাণ ও সমাজসেবা বিষয়ক স্থায়ী কমিটি
লাকসাম, কুমিল্লা।

জনাব,----------
সদস্য
উপজেলার সমাজ কল্যাণ ও সমাজসেবা বিষয়ক স্থায়ী কমিটি
লাকসাম, কুমিল্লা

সভা নং -২০

অদ্য ২৮ অক্টোবর'২০২১ খ্রিঃ সকাল ১১:৩০ ঘটিকার সময় উপজেলা সমাজ কল্যাণ ও সমাজসেবা বিষয়ক স্থায়ী কমিটির এক সভা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, লাকসাম, কুমিল্লা এর সভাপতিত্বে উপজেলা পরিষদ মিলনায়তন, লাকসাম এ অনুষ্ঠিত হয়।

সভার আলোচ্য বিষয় সমূহ ঃ-

১। বিগত সভার কার্য বিবরণী পাঠ ও অনুমোদন।
২। ২০২১-২২ অর্থ বছরের অতিরিক্ত বরাদ্দ প্রাপ্ত অস্বচ্ছল প্রতিবন্ধী ভাতাভোগীর যাচাই বাছাই ও তালিকা প্রস্তুতের বিষয়ে আলোচনা ও সিদ্ধান্ত।
৩। বিবিধ।

উপস্থিত সম্মানিত সদস্য বৃন্দের নাম ও স্বাক্ষর

১। জনাব মহব্বত আলী, ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, লাকসাম, কুমিল্লা- (সভাপতি)- স্বাক্ষর অস্পষ্ট
২। জনাব মোঃ ওমর ফারুক, চেয়ারম্যান, কান্দিরপাড় ইউনিয়ন পরিষদ, লাকসাম, কুমিল্লা - স্বাক্ষর অস্পষ্ট
৩। জনাব মোঃ শাহীন, চেয়ারম্যান, মুদাফরগঞ্জ উত্তর ইউনিয়ন পরিষদ, লাকসাম, কুমিল্লা - স্বাক্ষর অস্পষ্ট
৪। জনাব আবদুল আলিম দিদার, কাউন্সিলর, লাকসাম পৌরসভা, লাকসাম, কুমিল্লা।
৫। জনাব উপন্যাস চন্দ্র দাস, উপজেলা সমাজসেবা অফিসার, লাকসাম, কুমিল্লা। (সদস্য সচিব)- স্বাক্ষর অস্পষ্ট

সভার শুরুতে সভাপতি উপস্থিত সম্মানিত সদস্যদেরকে শুভেচ্ছা জানিয়ে সভার কাজ আরম্ভ করেন। সভাপতির অনুমতিক্রমে সদস্য সচিব ও উপজেলা সমাজসেবা কর্মকর্তা, লাকসাম গত সভার কার্য বিবরণী পাঠ করে শুনান। কোন প্রকার পরিবর্তন ও পরিবর্ধন না হওয়ায় তা সভায় সর্বসম্মতিক্রমে অনুমোদিত হয়।

কমিটির সদস্য সচিব ও উপজেলা সমাজসেবা কর্মকর্তা, লাকসাম, কুমিল্লা জানান যে, ২০২১-২২ অর্থ বছরের অস্বচ্ছল প্রতিবন্ধী ভাতাভোগীর অতিরিক্ত বরাদ্দ পাওয়া গেছে। তিনি উক্ত বিষয়ে উপকারভোগী যাচাই বাছাই ও তালিকা প্রস্তুতের বিষয়ে মেয়র, লাকসাম পৌরসভা এবং ইউপি চেয়ারম্যান বৃন্দের দৃষ্টি আকর্ষন করেন। তিনি বলেন যে, ২০২১-২২ অর্থ বছরের অস্বচ্ছল প্রতিবন্ধী ভাতাভোগীর তালিকা দ্রুততম সময়ে শেষ করতে না পারলে তারা সঠিক সময়ে ভাতার অর্থ পাবে না কারণ তালিকা প্রস্তুতের পর তা যাচাই বাছাই করে নগদ হিসাব খোলা হবে। পরবর্তীতে পেরোল পাঠানো হবে।

সভায় বিস্তারিত আলোচনান্তে সভাপতি ২০২১-২২ অর্থ বছরের অস্বচ্ছল প্রতিবন্ধী ভাতাভোগীর তালিকা দ্রুত প্রেরণের জন্য মেয়র, লাকসাম পৌরসভা ও ইউনিয়ন চেয়ারম্যান বৃন্দকে অনুরোধ জানান। এবং উপজেলা সমাজসেবা কর্মকর্তা, লাকসাম, কুমিল্লাকে এ বিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহনের জন্য বলা হয়।

অদ্যকার সভায় অন্য কোন আলোচনা না থাকায় সভাপতি উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার কাজ সমাপ্ত ঘোষনা করেন।

সভাপতি
(মহব্বত আলী)
উপজেলা সমাজ কল্যাণ ও সমাজসেবা বিষয়ক স্থায়ী কমিটি
ও
ভাইস চেয়ারম্যান
উপজেলা পরিষদ, লাকসাম, কুমিল্লা।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা সমাজসেবা কার্যালয়
লাকসাম, কুমিল্লা।

উপজেলা সমাজকল্যাণ/সমাজসেবা বিষয়ক স্থায়ী কমিটির সভায় উপস্থিতির হাজিরা সীট

ক্র.নং	নাম	পদবী	স্বাক্ষর	মন্তব্য
০১	জনাব মহব্বত আলী ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, লাকসাম, কুমিল্লা।	সভাপতি		
০২	জনাব মোঃ ওমর ফারুক চেয়ারম্যান, কান্দিরপাড় ইউনিয়ন পরিষদ, লাকসাম, কুমিল্লা।	সদস্য		
০৩	জনাব মোঃ শাহীন চেয়ারম্যান, মুদাফরগঞ্জ উত্তর ইউনিয়ন পরিষদ, লাকসাম, কুমিল্লা।	সদস্য		
০৪	জনাব আবু ছায়েদ বাচ্চু কাউন্সিলর, লাকসাম পৌরসভা, লাকসাম, কুমিল্লা।	সদস্য		
০৫	জনাব উপন্যাস চন্দ্র দাস উপজেলা সমাজসেবা অফিসার, লাকসাম, কুমিল্লা।	সদস্য সচিব		